দৈনিক জনকণ্ঠ

তারিখ 07 DEC 2017
পৃষ্ঠা ৩ কলাম ৯

# জবির প্রত্যেক বিভাগের পাঠ্যক্রমে আবশ্যিক কোর্স মুক্তিযুদ্ধের ইতিহাস

**জবি সংবাদদাতা ॥** জঙ্গীবাদ উত্থানরোধ এবং মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃতির প্রতিরোধে জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) তার সকল অনুষদের বিভাগে আবশ্যিক কোর্স হিসেবে চালু করেছে বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস। এ উপলক্ষে বুধবার দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয় উপাচার্যের সভাকক্ষে জনসংযোগ, তথ্য ও প্রকাশনা (পিআরও) দফতরের উদ্যোগে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান বলেন, ইতিহাস চর্চা শুধু নিজেদের মধ্যে সীমাবদ্ধ রাখলে চলবে না। '৭৫-এ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যার পর ইতিহাস বিকৃত করার চেষ্টা শুরু হয়েছিল। '৫২', ৬৯', ৭১'-এর বাঙালী জাতির ঐতিহাসিক আন্দোলনের ইতিহাসকে মুছে ফেলার জন্য স্বাধীনতাবিরোধীরা সক্রিয়। কিন্তু প্রকৃত ইতিহাস কখনও মুছে ফেলা যায় না আর যাবেও না।